



ভূগোল ও পরিবেশ বিভাগে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান



১৬ অক্টোবর ২০২৩-সোমবার ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৭তম ব্যাচের নবীন বরণ এবং ১২তম ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ মনোবিজ্ঞান বিভাগের অগ্রযাত্রা এগিয়ে যাবে প্রত্যাশা করে বলেন, “ জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্বল্প সময়ে উচ্চ শিক্ষায় অনেক এগিয়ে গেছে কারণ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিখ্যাত গবেষকবৃন্দ এই প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে যোগদান করেছে। আন্তর্জাতিক ও দেশীয় পর্যায়ে আমাদের গবেষণা যে পর্যায়ের সেটা অনুযায়ীই র্‌য়াক্টিং হয়ে থাকে।”

তিনি আরো বলেন, “ডিজিটাইজেশনে আমাদের বিশ্ববিদ্যালয় এগিয়ে রয়েছে। প্রতিনিয়ত এই বিভাগে জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হয়ে থাকে যাতে করে শিক্ষার্থীরা তাদের মেধাকে আরো ছড়িয়ে দিতে পারে।”

ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, বিভাগীয় ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন, বিভাগীয় অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান এবং সহযোগী অধ্যাপক ড. সৈয়দা ইসরাত নাজিয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় সহযোগী অধ্যাপক ড. এন এম রিফাত নাসের।

এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থী নবীণ শিক্ষার্থীদের বরণ করে নেয় এবং বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়।